



কর্ণফুলী টানেল প্রকল্পে আর্থিক অনিয়ম, সাবেক মন্ত্রী ওবায়দুল কাদেরসহ ৪ জনের বিরুদ্ধে মামলা



সংগৃহীত ছবি

কর্ণফুলী টানেল নির্মাণ প্রকল্পে দুর্নীতি, ক্ষমতার অপব্যবহার ও গুরুতর অসদাচরণের অভিযোগে সাবেক সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরসহ চারজনের বিরুদ্ধে মামলা করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। বৃহস্পতিবার (২৮ আগস্ট) দুপুরে দুদকের মহাপরিচালক আক্তার হোসেন গণমাধ্যমকে এই তথ্য নিশ্চিত করেন। মামলার এজাহারে বলা হয়েছে, অভিযুক্তরা পরস্পর যোগসাজশে সরকারের প্রায় ৫৮৫ কোটি ২৯ লাখ টাকার আর্থিক ক্ষতি করেছেন।

অভিযুক্ত অন্য তিন কর্মকর্তা হলেন—বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সাবেক সচিব ও নির্বাহী পরিচালক (অব.) খন্দকার আনোয়ারুল ইসলাম, সাবেক প্রধান প্রকৌশলী (অব.) কবির আহমদ, এবং সাবেক পরিচালক ও যুগ্ম সচিব আলীম উদ্দিন আহমেদ।

দুদকের তদন্তে বেরিয়ে আসে যে, অভিযুক্তরা নেগোসিয়েশন কমিটির নির্ধারিত মূল্য উপেক্ষা করে এবং বিদেশি বিশেষজ্ঞদের সুপারিশ ছাড়াই প্রকল্পে অপ্রয়োজনীয় কাজ যুক্ত করেছেন। এর মধ্যে ছিল পরিষেবা এলাকা নির্মাণ, পর্যবেক্ষণ সফটওয়্যার এবং একটি ট্যাগ বোর্ড সংযোজন।

এছাড়া, তারা পাবলিক প্রকিউরমেন্ট অ্যাক্ট (পিপিএ) ২০০৬ এর বিধান লঙ্ঘন করে ৫৫ লাখ ২১ হাজার টাকা ব্যয়ে একজন ব্যক্তিভিত্তিক পরামর্শকও নিয়োগ দিয়েছিলেন, যা রাষ্ট্রীয় অর্থের অপচয়। এই গুরুতর অনিয়মের জন্য তাদের বিরুদ্ধে দণ্ডবিধির ১২০বি/৪০৯/১০৯ ধারা এবং দুর্নীতি প্রতিরোধ আইন, ১৯৪৭ এর ৫(২) ধারায় মামলা দায়ের করা হয়েছে।